**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল আই লাভ NY কৃষ্ণাঙ্গ ভ্রমণ উদ্যোগের জন্য পরিকল্পনা ঘোষণা করলেন

***আই লাভ NY কৃষ্ণাঙ্গ ভ্রমণকারীদের নিউ ইয়র্ক স্টেটে বেড়াতে আসার জন্য উৎসাহিত করতে কৃষ্ণাঙ্গ ভ্রমণ গন্তব্য, ইভেন্ট ও সাংস্কৃতিক আকর্ষণসমূহের প্রচার করবে***

***আই লাভ NY LGBTQ এবং বৈচিত্র্যময় জনগোষ্ঠীর মধ্যে নিউ ইয়র্ক স্টেটের পর্যটন বৃদ্ধি করার জন্য অ্যাক্সেসিবল NY কর্মসূচিসমূহের উপর ভিত্তি করে এটি গড়ে উঠেছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি আই লাভ NY কৃষ্ণাঙ্গ (I LOVE NY Black) ভ্রমণ উদ্যোগের ঘোষণা করলেন, যা নিউ ইয়র্ক স্টেটের পর্যটনকে বিকশিত করতে এবং কৃষ্ণাঙ্গ ভ্রমণকারীদের এখানে আসতে উৎসাহিত করার জন্য তৈরি হবে। গভর্নর কৃষ্ণাঙ্গ ইতিহাস মাসের (Black History Month) জন্য স্টেটের স্মৃতি উদযাপনের একটি অংশ হিসেবে অ্যালভিন আইলি আমেরিকান ড্যান্স থিয়েটারে (Alvin Ailey American Dance Theater) এই ঘোষণাটি করেন।কর্মসূচিটি স্টেটের আই লাভ NY LGBTQ (I LOVE NY LGBTQ) এবং অ্যাক্সেসিবল NY (Accessible NY) এর মতো পর্যটন কর্মসূচিসমূহের সাফল্যের উপর ভিত্তি করে গড়ে উঠেছে, যেগুলি বিশেষ বিশেষ ভ্রমণ সম্প্রদায়ের আগ্রহের ও সমর্থক গন্তব্যের উপর আলোকপাত করে।

"নতুন আই লাভ NY কৃষ্ণাঙ্গ ভ্রমণ উদ্যোগটি নিউ ইয়র্কের অতুলনীয় কৃষ্ণাঙ্গ ইতিহাস, সংস্কৃতি, খাদ্য ও শিল্পের একটি উদযাপন হবে," **গভর্নর হোকল বলেন।** "কৃষ্ণাঙ্গ ইতিহাসকে জীবিত করে এমন সাইট ও জাদুঘর থেকে শুরু করে অ্যালভিন আইলি আমেরিকান ড্যান্স থিয়েটারের মতো বিশ্বমানের শিল্প ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান নিয়ে নিউ ইয়র্কে দেখার অনেক কিছু আছে। আমাদের স্টেটের কৃষ্ণাঙ্গ ইতিহাসের অভিজ্ঞতা নেওয়ার জন্য আরো অনেক দর্শনার্থীদের স্বাগত জানাতে আমাদের অংশীদারদের সাথে কাজ করার জন্য আমি উন্মুখ।"

**লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন,** "আমি গর্বিত যে আমাদের স্টেট সক্রিয়ভাবে আমাদের দুর্দান্ত বৈচিত্র্যের উপর আলোকপাত করবে এবং সারা বিশ্বের ভ্রমণকারীদের নিউ ইয়র্কের কৃষ্ণাঙ্গ সংস্কৃতির অভিজ্ঞতা নিতে ওর এর কদর করতে উৎসাহিত করবে।"

আই লাভ NY কৃষ্ণাঙ্গ উদ্যোগটি নিউ ইয়র্ক স্টেটকে কৃষ্ণাঙ্গ ভ্রমণকারীদের জন্য একটি দারুণ অবকাশ গন্তব্য হিসেবে প্রচার করা একটি সার্বিক কর্মসূচি হবে। আই লাভ NY এর ওয়েবসাইটে

এর একটি নিবেদিত উপস্থিতি থাকবে, এবং বাজার গবেষণা ও স্টেকহোল্ডারদের আউটরিচের ভিত্তিতে একটি প্রচারণামূলক ক্যাম্পেইন ঠকাবে যা বিদ্যমান সম্পদের উপর আলোকপাত করবে এবং নতুন কর্মসূচিকে সমর্থন করবে ও কৃষ্ণাঙ্গ দর্শনার্থী ও তাদের পরিবারকে নিউ ইয়র্কের অতুলনীয় কৃষ্ণাঙ্গ ইতিহাস, সংস্কৃতি, খাদ্য, শিল্প ও ইভেন্টের অভিজ্ঞতা নিতে আসতে সরাসরি স্বাগত আমন্ত্রণ জানাবে।

কৃষ্ণাঙ্গ ভ্রমণের জন্য সময়সূচি ও ভ্রমণপথ তৈরি করার জন্য পর্যটন বিভাগ (Division of Tourism) আন্তর্জাতিক ভ্রমণ বাণিজ্য পরিচালকদের সাথে ইতিমধ্যে বিদ্যমান থাকা সম্পর্ককে ব্যবহার করবে এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে কৃষ্ণাঙ্গ ভ্রমণকারী ও তাদের বন্ধু ও পরিবারের জন্য কী অপেক্ষা করছে তা সকলকে জানাতে ভ্রমণ সাংবাদিক ও কন্টেন্ট প্রস্তুতকারকদের উৎসাহিত করবে। এছাড়াও আই লাভ NY তাদের কৃষ্ণাঙ্গ ভ্রমণের বার্তালাপ বৃদ্ধি করার জন্য অন্যান্য স্টেট এজেন্সি অংশীদার ও স্থানীয় পর্যটন প্রচার এজেন্সির সাথে সহযোগিতামূলক কাজ করবে।

নিউ ইয়র্ক স্টেটে 2021 পর্যন্ত পর্যটন ও ভ্রমণের বার্ষিক অর্থনৈতিক প্রভাব 85.5 বিলিয়ন মার্কিন ডলার, এবং এটি স্টেটের প্রত্যেক গৃহস্থালির জন্য বার্ষিক 1,000 মার্কিন ডলার সাশ্রয়ের জন্য যথেষ্ট স্টেট ও স্থানীয় কর সৃষ্টি করে। পর্যটন ও আতিথেয়তা খাতটি স্টেটের তৃতীয় বৃহত্তম শিল্পখাত, এটি বেসরকারি খাতের প্রতি 10টি চাকরির মধ্যে একটিকে সমর্থন করে। অভ্যন্তরীণ অবসর ভ্রমণ বাজারের 13 শতাংশের বেশি কৃষ্ণাঙ্গ ভ্রমণকারী রয়েছে, যারা বার্ষিক 109 বিলিয়ন মার্কিন ডলারের বেশি ব্যয় করে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হোপ নাইট বলেন,** "নিউ ওয়ার্ক এর বৈচিত্র্যকে বরণ করে নেয়, এবং আমরা নিশ্চিত করতে চাই যাতে বিশ্বের সকল দর্শনার্থী পুরো স্টেটের কৃষ্ণাঙ্গ ইতিহাস ও ঐতিহ্য উদযাপন করার সুযোগসমূহকে উপলব্ধি করতে পারে। যেহেতু এখানে কৃষ্ণাঙ্গ ভ্রমণকারীদের আকৃষ্ট করার জন্য অতুলনীয় গভীরতা ও বৈচিত্র্যের আকর্ষণসমূহ রয়েছে, তাই এই কর্মসূচিটি এইসব স্থান, গল্প ও মানুষের উপর আলোকপাত করা ও তাদের তুলে ধরার আদর্শ উপায়।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভাইস প্রেসিডেন্ট ও পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. লেভি বলেন,** "আই লাভ NY পুরো স্টেটের স্টেকহোল্ডারদের সাথে কাজ করে নতুন এই কর্মসূচি গঠন ও শুরু করতে উৎসুক, এটি পাথ থ্রু হিস্ট্রি (Path Through History), আই লাভ NY LGBTQ এবং অ্যাক্সেসিবল NY এর মতো অন্যান্য পর্যটন কর্মসূচির সম্পূরক হবে। নতুন এই উদ্যোগটি আমাদের পর্যটন শিল্পখাতের অংশীদারদের প্রচেষ্টা, যা ইতিমধ্যে কৃষ্ণাঙ্গ ভ্রমণ আকর্ষণসমূহের উপর আলোকপাত করছে, সেগুলিকে বৃদ্ধি ও বিস্তৃত করতে সাহায্য করবে এবং সারা বিশ্বের কৃষ্ণাঙ্গ ভ্রমণকারীদেরকে তাদের ভালোবাসার বস্তুকে নিউ ইয়র্ক স্টেটে এসে খুঁজে নিতে আমন্ত্রণ জানাবে।"

**অ্যালভিন আইলি আমেরিকান ড্যান্স থিয়েটারের শৈল্পিক পরিচালক রবার্ট ব্যাটল বলেন,** "65 বছরের বেশি সময় পূর্বে নিউ ইয়র্কে কৃষ্ণাঙ্গ অভিজ্ঞতা থেকে জন্ম নেওয়া একটি

প্রতিষ্ঠান হিসেবে আমরা গর্বিত যে গভর্নর হোকল আইলির বাড়ি, নাচের এই রাজধানীতে নাচের জন্য নিবেদিত সর্ববৃহৎ ভবন, জোয়ান ওয়েইল সেন্টার ফর ড্যান্সে (Joan Weill Center for Dance) এই মূল্যবান কর্মসূচিটি ঘোষণা করেছেন।আই লাভ NY কৃষ্ণাঙ্গ ভ্রমণ উদ্যোগের কল্যাণে আমরা অন্যদের সাথে মাইল বিশ্বকে নিউ ইয়র্কে স্বাগত জানাতে এবং আইলির পারফর্ম্যান্স এবং ক্লাস দ্বারা অনুপ্রাণিত হওয়া আরো দর্শনার্থীদের দেখতে উন্মুখ।"

নিউ ইয়র্কে কয়েক ডজন মাটির নিচের রেলরোড সাইট এবং দেশের সর্ববৃহৎ জুনটিন্থ উৎসবের একটি রয়েছে। স্টেটটির ফ্রেডরিক ডগলাস, সোজার্নার ট্রুথ এবং হ্যারিয়েট টাবম্যানের মতো নেতৃবৃন্দের সাথে গভীর বন্ধন আছে এবং এখানেই হিপ হপের জন্ম। লোয়ার ম্যানহাটনের জ্যাকি রবিনসন জাদুঘর (Jackie Robinson Museum) থেকে শুরু করে অবার্নের হ্যারিয়েট টাবম্যান জাতীয় ঐতিহাসিক পার্ক (Harriet Tubman National Historical Park) ও বাফেলোর কালার্ড মিউজিশিয়ান্স ক্লাব (Colored Musicians Club) পর্যন্ত, পুরো স্টেটে কৃষ্ণাঙ্গ সংস্কৃতি, শিল্প ও ঐতিহ্যকে উদযাপন করা জাদুঘর এবং ভেন্যু খুঁজে পাওয়া যাবে।

কৃষ্ণাঙ্গ ভ্রমণকারীদের একটি জরিপে, 64 শতাংশ বলেছে যে গন্তব্য বাছাই করার সময় কৃষ্ণাঙ্গ সংস্কৃতি ও ঐতিহ্যের উপলভ্যতা তাদের কাছে গুরুত্বপূর্ণ। কৃষ্ণাঙ্গ ভ্রমণকারীদের আরেকটি জরিপের প্রতিবেদনে বলা হয়েছে যে একটি ভ্রমণ গন্তব্য বাছাই করার সময় বৈচিত্র্যের প্রচারণা গুরুত্বপূর্ণ, এবং মার্কিন যুক্তরাষ্ট্রের 54 শতাংশ কৃষ্ণাঙ্গ ভ্রমণকারীর জন্য বিজ্ঞাপনে কৃষ্ণাঙ্গ প্রতিনিধিত্ব থাকলে সেই গন্তব্য বাছাই করার সম্ভাবনা বেশি। ইতিমধ্যেই আই লাভ NY এর প্রচারণায় বৈচিত্র্যের রূপ রয়েছে এবং এটি ব্যাপক ব্যাপ্তির সম্প্রদায়সমূহের আগ্রহ অনুযায়ী থিম, আকর্ষণ ও ইভেন্টের প্রচার করে। নতুন এই ভ্রমণ কর্মসূচিটি পর্যটন বিভাগের সেগমেন্ট প্রচারণা কাজের পরবর্তী পর্যায়, যা লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ের (LGBTQ)ভ্রমণকারী ও অ্যাক্সেসিবিলিটি চাহিদাসহ অতিথিদের জন্য বিশেষ আমন্ত্রণ ও প্রস্তাবনার সাথে যুক্ত হতে যাচ্ছে।

**নিউ ইয়র্ক স্টেট সম্পর্কে**

বিশ্বমানের আকর্ষণ, ছবির মতো সুন্দর প্রাকৃতিক সৌন্দর্য, স্থানীয় উৎসের কুইজিন এবং একটি সফল ক্র্যাফট পানীয়ের স্থান, এবং বছর জুড়ে হতে থাকা আইকনিক উৎসব ও ইভেন্ট নিয়ে নিউ ইয়র্ক স্টেট হলো একটি শীর্ষ অবকাশ গন্তব্য। এর 11টি বৈচিত্র্যময় ভ্যাকেশন অঞ্চলের মধ্যে রয়েছে বিশ্বের তালিকার শীর্ষে থাকা সৈকতসমূহ; আমেরিকার শীর্ষ তিনটি প্রিয় স্টেট পার্কের মধ্যে দুইটি; শ্বাসরুদ্ধকর নায়াগ্রা ফলস; অন্য যেকোনও স্টেটের থেকে আরো বেশি স্কি এলাকা; দেশের দীর্ঘতম ফলিয়েজ মৌসুমের একটি; একাধিক হলস অফ ফেম; উত্তর আমেরিকার দীর্ঘতম, দ্রুততম এবং সবথেকে উঁচু জিপলাইন; মার্কিন যুক্তরাষ্ট্র ও সংলগ্ন এলাকার সর্ববৃহৎ সরকারিভাবে সুরক্ষিত এলাকা; এবং দেশের দীর্ঘতম বহু ব্যবহারের ট্রেইল। এর সাথে যোগ করুন স্টেটের অনন্য জাদুঘর, ঐতিহাসিক ল্যান্ডমার্ক, সাংস্কৃতিক সাইট, মনোমুগ্ধকারী ছোট টাউন এবং শহুরে খেলার মাঠ, আর তাই এটি কোনও বিস্ময়ের ব্যাপার নয় যে নিউ ইয়র্ক ধারাবাহিকভাবে ভ্রমণ প্রকাশনী ও বিশেষজ্ঞদের দ্বারা বেড়াতে আসার সেরা একটি স্থান হিসেবে নির্বাচিত হয়ে থাকে। নিউ ইয়র্ক স্টেটে আপনার পরবর্তী ছুটি কাটানোর পরিকল্পনা করার ক্ষেত্রে সাহায্যের জন্য, অনুগ্রহ করে www.iloveny.com ওয়েবসাইটে যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418